

মধ্যরাতে চবি ছাত্রলীগের ৩ গ্রন্থপের সংঘর্ষ

প্রতিনিধি, চট্টগ্রাম :

: বুধবার, ০৮ ফেব্রুয়ারী ২০২৩



তুচ্ছ ঘটনা নিয়ে সংঘর্ষে জড়িয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রলীগের তিনটি গ্রন্থপের মধ্যে সংঘর্ষে কয়েকজন আহত হয়েছেন। বুধবার রাত ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের শাহজালাল হলের সামনে শাটল ট্রেনের বগিভিত্তিক গ্রন্থপ সিএফসি, সিল্লিটি নাইন ও বিজয়ের অনুসারীদের মধ্যে এই সংঘর্ষ বাঁধে।

এর মধ্যে বিজয় ও সিএফসি শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল এবং সিল্লিটি নাইন নগর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আজম নাছির উদ্দীনের অনুসারী হিসেবে ক্যাম্পাসে পরিচিত।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের স্টেশনতলায় সিল্লিটি নাইনের এক কর্মীর সঙ্গে সিএফসির এক কর্মীর কথা কাটাকাটি ও হাতাহাতি হয়, যা একপর্যায়ে রূপ নেয় সংঘর্ষ। সিএফসিকে সমর্থন দেয় বিজয় গ্রন্থপ। এতে সংঘর্ষ ত্রিমুখীতে রূপ নেয়।

সহকারী প্রক্টর হাসান মোহাম্মদ রোমান বলেন, ‘বিশ্ববিদ্যালয় স্টেশনে চায়ের দোকানে কথা কাটাকাটির জেরে ঝামেলা শুরু হয়। আমরা পুলিশের সহায়তায় পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছি। এখন সবাই নিজ নিজ হলে অবস্থান করছে।’

তিনি বলেন, ‘তিনজন ছেলে একটু ব্যথা পেয়েছিল, তাদের মেডিকেলে পাঠানো হয়েছে।’

বিজয়ের গ্রুপের নেতা সাখাওয়াত হোসেন বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, ‘স্টেশনে সিএফসি ও সিক্সটি নাইনের কর্মীদের মধ্যে ঝামেলা হয়েছিল। এ সময় সেখানে উপস্থিত আমাদের এক কর্মীকেও সিক্সটি নাইনের কর্মীরা অকারণে মারধর করে।’

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের বগি ভিত্তিক গ্রুপ বিজয় ও সিএফসি শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর অনুসারী। অন্যদিকে সিক্সটি নাইনের কর্মীরা নগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আ জ ম নাসিরউদ্দিনের অনুসারী।